Open Forum for CSO Development Effectiveness

সুশীল সমাজ সংগঠনসমূহের উন্নয়ন কার্যকারিতার জন্য ওপেন ফোরাম এক নজরে

ওপেন ফোরাম কী?

ওপেন ফোরাম হচ্ছে আন্তর্জাতিকভাবে সুশীল সমাজ সংগঠন পরিচালিত একটি প্রক্রিয়া যা সুশীল সমাজ সংগঠনের (CSO) জন্য প্রযোজ্য বৈশ্বিক উন্নয়ন কার্যকারিতার জন্য একটি কর্মকাঠামো প্রণয়ন করার লক্ষ্যে গঠিত। এ লক্ষ্যে ওপেন ফোরাম বৈদেশিক সাহায্যের কার্যকারিতা নিয়ে ২০১১ সালে অনুষ্ঠিতব্য চতুর্থ উচ্চ পর্যায়ের ফোরামের পূর্বে সুশীল সমাজ সংগঠন, সরকার এবং দাতা সংস্থাসমূহকে দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠানরত বিভিন্ন পরামর্শ ও মাল্টি-স্টেকহোল্ডার মতবিনিময় সভায় একত্রিত করবে।

২০১১ সাল শেষে অর্জনযোগ্য তিনটি লক্ষ্য

১। সুশীল সমাজ সংগঠনের উন্নয়ন কার্যকারিতা বিষয়ক একটি সাধারণ বোঝাপড়া সৃষ্টি করা, পৃথিবীব্যাপী সুশীল সমাজ সংগঠনের মধ্যে তা আলোচনা করা, এবং তা একটি সামগ্রিক কর্মকাঠামোতে পর্যবসিত করা যার মধ্যে থাকবে মূলনীতি এবং বাস্তবায়ন নির্দেশিকা ও কর্মপদ্ধতি।

২। সুশীল সমাজ সংগঠনের উন্নয়ন কার্যকারিতা বিষয়ে একটি শিক্ষণ পরিবেশ সৃষ্টি করা, এবং এ উদ্দেশ্যে উত্তম চর্চাসমূহ বিনিময় ও বিদ্যমান উন্নয়নগুলো নিয়ে সচেতনতা বৃদ্ধি এবং কিভাবে এগুলো সুশীল সমাজ সংগঠনের উন্নয়ন কার্যকারিতায় ভূমিকা রাখে তা নির্ণয়ে সহায়তা করা।

৩। সুশীল সমাজ সংগঠনসমূহের জন্য একটি সহায়ক পরিবেশ সৃষ্টির জন্য সরকার ও দাতা সংস্থাসমূহের সমর্থন সৃষ্টি করা। যতে এই প্রক্রিয়াটি আসন্ন ২০১১ সালের উচ্চ পর্যায়ের ফোরামে একটি বহুপক্ষীয় (মাল্টি স্টেকহোল্ডার) সমঝোতায় পরিণত হয়।

সুশীল সমাজ সংগঠনের উন্নয়ন কার্যকারিতা কী?

কার্যকারিতা বৃদ্ধির এই প্রচেষ্টায় সুশীল সমাজ সংগঠনসমূহ কিছু সংখ্যক আচরণ ও কর্মপদ্ধতি (অ্যাপ্রোচ ও মেকানিজম) গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে তথ্য আদান প্রদানে সহায়তার জন্য ওয়ার্কিং গ্রুপ, সমন্বয় কাঠামো, প্লাটফরম পর্যায়ে আচরণবিধি বা মানদণ্ড, সুনির্দিষ্ট মূল্যায়ন পদ্ধতি এবং ফান্ডিং স্কিম ইত্যাদি।

ওপেন ফোরামের এই উন্নয়ন কার্যকারিতা কর্মকাণ্ড গণতান্ত্রিক কাঠামোর মধ্যে থেকে স্থায়িত্বশীল ইতিবাচক পরিবর্তনকে উৎসাহিত করে, যা এই প্রক্রিয়ায় ব্যবহৃত পদ্ধতি/ উপায় (ইনস্ট্রুমেন্ট), নীতি ও সংগঠকদের বৈচিত্র্য ও পারস্পারিক পরিপূরকত্ব গুণাবলীর মাধ্যমে দারিদ্র্য, অসাম্যতা ও প্রান্তিকতার কারণ ও লক্ষ্মণসমূহকে নিয়ে কাজ করে।

ওপেন ফোরাম চায় অফিসিয়াল এইড এবং তার ব্যবস্থাপনা সংক্রান্ত টেকনিক্যাল এজেন্ডা হতে আলোচনা ও বিতর্ক সরিয়ে এনে আরও সামগ্রিক ও ফলাফল-মুখী এজেন্ডা তে উপনীত হতে, যেখানে সকল ধরনের সুশীল সমাজ সংগঠনের উন্নয়ন অবদানকে বিবেচনায় নেয়া হবে।

সুশীল সমাজ সংগঠন-চালিত, কিন্তু মাল্টি স্টেকহোল্ডার ...

সরকার ও দাতা সংস্থাসমূহই নির্ধারণ করে দেয় কোন শর্তাধীনে সুশীল সমাজ সংগঠনসমূহ উন্নয়ন প্রক্রিয়ায় তাদের অবদান রাখবে, এবং এভাবেই তারা সুশীল সমাজ সংগঠনসমূহের কর্মকাণ্ডের কার্যকারিতার উপর বড় ধরনের প্রভাব রাখে। এ কারণেই ওপেন ফোরাম অন্য আরও কিছুর পাশাপাশি একটি সহায়ক পরিবেশের জন্য একটি ন্যূনতম মানদণ্ড নির্ধারণ করার জন্য সরকার ও দাতা সংস্থাসমূহের সাথে মতবিনিময় করতে চায়। আক্রা-য় অনুষ্ঠিত তৃতীয় উচ্চ পর্যায়ের ফোরামে সরকার ও অফিসিয়াল দাতা সংস্থাসমূহ ওপেন ফোরামের সাথে সম্পৃক্ত হওয়া ও তাকে সহায়তা করার জন্য প্রতিশ্রুতি প্রদান করে (ঘানার রাজধানী, আক্রা এজেন্ডা ফর এ্যাকশন, অনুচ্ছেদ ২০)।

সম্পৃক্ত হতে কাদেরকে আমন্ত্রণ জানানো হয়েছে?

ওপেন ফোরাম তার পরামর্শ সভাসমূহে উন্নয়ন, রিলিফ এবং অন্যান্য সেক্টর থেকে এবং উত্তর ও দক্ষিণ উভয় প্রান্ত থেকে নানা বৈচিত্রের সুশীল সমাজ সংগঠনসমূহকে একত্রিত করবে: এনজিও, ট্রেড ইউনিয়ন, কমিউনিটি ভিত্তিক সংগঠন, তৃণমূল সংগঠন, পৃথিবীর সামাজিক আন্দোলন ইত্যাদি।

বিশ্বের সব প্রান্ত থেকে ২৫টি সুশীল সমাজ সংগঠনসমূহ নিয়ে গঠিত একটি গ্লোবাল ফ্যাসিলিটেশন গ্রুপ (জিএফজি) ওপেন ফোরামের নেতৃত্ব দিচ্ছেন, যাতে পরামর্শ সভাসমূহের সর্বগ্রহণযোগ্যতা ও প্রতিনিধিত্ব নিশ্চিত করা যায়। জিএফজি ওপেন ফোরামের দৈনন্দিন কাজ সম্পাদন করার দায়িত্ব হস্তান্তর করেছে ছয়টি সুশীল সমাজ সংগঠনের একটি কনসোর্টিয়ামকে, যারা অন্যান্য কাজের পাশাপাশি ওপেন ফোরামের জন্য সুশীল সমাজ সংগঠনসমূহকে সংগঠিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

এখন থেকে ২০১১-র শেষ এর মধ্যকার কার্যবলী

৫০টিরও অধিক জাতীয় আলোচনা সভার মাধ্যমে বৈশ্বিক কর্ম কাঠামোর জন্য সুশীল সমাজ সংগঠন সমূহের মতামত নেয়া হবে।

৫টি আঞ্চলিক কর্মশালার মাধ্যমে সচেতনতা তৈরী করা হবে, সক্ষমতা বাড়ানো হবে এবং বৈশ্বিক কর্মকাঠামোর জন্য ইনপুট সমূহকে সমন্বিত করা হবে।

জেন্ডার এবং নারী অধিকার, দ্বন্দাত্বক পরিবেশের মধ্যে সুশীল সমাজ সংগঠন, অতি প্রান্তিক জনগোষ্ঠির জন্য সামাজিক আন্দোলন এ ধরনের ৪টি বিষয়ে ৪টি আন্তর্জাতিক আলোচনা সভা সংগঠন।

২০১০ ও ২০১১ তে কর্মকাঠামোর বিষয়ে ঐক্যমত তৈরীর জন্য দুটি বৈশ্বিক আলোচনা সমাবেশ।

অফিসিয়াল দাতা সংস্থা, সরকার সমূহ ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে আলোচনা, এ্যাকশন এজেন্ডার ২০সি অনুসারে, তৈরীর সমর্থন আদায়ের জন্য আলোচনা চালিয়ে যাওয়া বিদ্যমান ও বর্তমান সুশিল সমাজ সংগঠন সমূহের ধারা নিয়ে গবেষনা চালিয়ে যাওয়া।

বছরে দুবার জিএফজি সভা করা যেখানে জাতীয় আলোচনা সভাগুলো থেকে শিক্ষনীয় বিষয়গুলো তুলে নিয়ে আসা হবে।

বিস্তারিত: www.cso-effectiveness.org

গ্লোবাল ফ্যাসিলিটেশন গ্রুপ (জিএফজি)

জিএফজি দ্বিবার্ষিকভাবে বৈঠকে বসে পরামর্শ সভা ও মাল্টি স্টেকহোল্ডার মতবিনিময়ের শিক্ষণীয় বিষয়গুলো তুলে ধরা ও ভবিষ্যতের জন্য নির্দেশনা নির্ধারণ করার জন্য। জিএফজি সদস্যরা ওপেন ফোরামে তাদের অঞ্চল/সেক্টরের প্রতিনিধিত্ব করেন।

আফ্রিকা	Coordinadora Civil de Nicaragua (CC)
Federation of NGO Platforms of Mali (FECONG)	**মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা**
African Forum and Network on Debt and Development (AFRODAD)	Arab NGOs Network for Development (ANND)
Civil Society for Poverty Reduction (CSPR)	**উত্তর আমেরিকা**
Network of National NGO Platforms of Western and Central Africa (REPAOC)	InterAction -American Council for Voluntary International Action
এশিয়া	Canadian Council for International Cooperation (CCIC)
South Asian Network for Social and Agricultural Development (SANSAD)	**প্যাসিফিক**
IBON International	Australian Council for International Development (ACFID)
Asia Pacific Research Network (APRN)	**International CSO networks and NGOs**
People's Coalition on Food Sovereignty (PCFS)	Plan International
ইউরোপ	CARE International
European NGO Confederation for Relief and Development (CONCORD)	International Trade Union Confederation (ITUC)
Nordic+ Group	Action by Churches Together (ACT)

European Union Presidency Group	Caritas Internationalis / International Cooperation for Development and Solidarity (CIDSE)
ল্যাটিন আমেরিকা ও ক্যারিবিয়ান	CIVICUS -World Alliance for Citizen Participation
Asociación Latinoamericana de Organizaciones de Promoción (ALOP)	**নারী সংগঠন**
Unión Nacional de Instituciones para el Trabajo de Acción Social Bolivia (UNITAS)	Asia Pacific Forum on Women, Law and Development (APFWLD)

সহায়ক সংগঠনসমূহের কনসোর্টিয়াম

কনসোর্টিয়ামের প্রতিটি সদস্য বিশ্বের সুনির্দিষ্ট অঞ্চল বা সেক্টরের জন্য দায়িত্বপ্রাপ্ত:

Organisation	Region
All Africa Conference of Churches (AACC) africa@cso-effectiveness.org	Sub-Saharan Africa
Asia Pacific Research Network (APRN) asia@cso-effectiveness.org	Asia and Northern Africa
European NGO Confederation for Relief and Development (CONCORD) europe@cso-effectiveness.org	Europe
InterAction – American Council for Voluntary International Action pacific@cso-effectiveness.org	North America and Pacific
Latin American Association of Development Organisations (ALOP) lac@cso-effectiveness.org	Latin America and the Caribbean
CIVICUS – World Alliance for Citizen Participation icso@cso-effectiveness.org	International CSO networks and NGOs

সাধারণ অনুসন্ধানের জন্য যোগাযোগ : info@cso-effectiveness.org ওয়েব সাইট: www.cso-effectiveness.org

বাংলাদেশে কারা এই জাতীয় প্রক্রিয়া সংগঠিত করছে এবং তারা এই প্রক্রিয়ায় কিভাবে যুক্ত হলেন ?

APRN এর বাংলাদেশে সদস্য রয়েছে, এদের মধ্যে BAPA, CDP, Equity BD ও SUPRO এই ওপেন ফোরাম সংক্রান্ত একটি আঞ্চলিক কর্মশালায় অংশ নিয়েছিল । যে কারনে এই ৪টি সংগঠনের একটি দল পুরো প্রক্রিয়াটি পরিচালনা করছে ।

বাংলাদেশে এই প্রক্রিয়ার উদ্দেশ্য সমূহ কি :

মূলগতভাবে ভাবে বৈশ্বিক উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশে তিনটি উদ্দেশ্যকে সামনে রাখা হয়েছে । যেমন:

১. সম্ভাব্য সকল ধরনের সুশীল সমাজ সংঠনসমূহকে প্রতিনিধিত্বশীল আকারে একটি ডায়ালগ প্রক্রিয়ায় নিয়ে আসা যাতে এদের মধ্যে ভবিষ্যতে একটি সাধারন ন্যুনতম সমন্বয়ের সম্ভাবনা তৈরী হয় ।

২. (ক) সুশীল সমাজের কাজের মূলনীতি; (খ) আস্থা অর্জনের জন্য ভালো উদাহরন ও ব্যালেন্স সমূহ, (গ) অন্যদের সাথে অংশিদরিত্বের চ্যালেন্জ ও নীতিমালা সমূহ এবং (ঘ) লাগসই ও প্রয়োজনীয় enabling environment তৈরীর জন্য আলোচনা এবং বিষয় সমূহ চিহ্নিত করা ।

৩. অবশেষে উপরোক্ত বিষয় তথা প্রত্যাশা সমূহ অন্যান্য উন্নয়ন স্টেকহোল্ডার, বিশেষ করে সরকারী নীতিনির্ধারক, রাজনীতির

নীতিনির্ধারক, দাতা সংস্থা এবং আর্ন্তজাতিক এনজিওদের প্রতিনিধিদের সামনে পেশ করা ।

বাংলাদেশে এই প্রক্রিয়া কিভাবে সম্পন্ন করা হচ্ছে

বাংলাদেশে ঐ চারটি সংগঠনের কোর গ্রুপ গত বছরের গোঁড়া থেকে ধাপে ধাপে এই কাজগুলো সম্পন্ন করছে, যেমন,

১. এই বিষয় ১২ এপ্রিল ২০১০ তারিখে ও ১৪ই এপ্রিল ২০১০ তারিখে Daily Star ও দৈনিক প্রথম আলোতে এই বিষয়ে বিজ্ঞাপন দিয়ে আগ্রহ আবেদন সংগ্রহ করা হয় ।

২. ইতিমধ্যে সুর্নিদিষ্ট একটি বাছাই প্রক্রিয়ার মাধ্যমে সেখানে যারা আবেদন করেছে তারা ছাড়াও অন্য সবাইকেও অংশগ্রহন এর জন্য নির্বাচন করা হয়েছে । এক্ষেত্রে নির্দলীয় সক্রিয় সুশিল সমাজ সংগঠন সমূহকে গুরুত্ব দেয়া হয়েছে ।

৩. এ পর্যন্ত ৭১ টি সংগঠন তাদের অংশগ্রহণ নিশ্চিত করেছে, ২২টি ঢাকা থেকে, ১৩টি চট্টগ্রাম থেকে, ১৫টি খুলনা থেকে, ৫টি বরিশাল থেকে ১২টি রাজশাহী/ রংপুর এবং ৪টি সিলেট বিভাগ থেকে । এদের অধিকাংশই তৃণমূলের সুশীল সমাজ সংগঠন । এদের মধ্যে ১৪ জন মহিলা ও ৫৬ জন পুরুষ ।

৪. এরা সবাই একটি সুনির্দিষ্ট পদ্ধতির মধ্যে আগামী ১৪-১৬ জুন প্রশিকা মানব সম্পদ প্রশিক্ষন কেন্দ্রে আবাসিক একটি কর্মশালায় বিষয় গুলো আলোচনা করবে । যা আবার ১৭ জুন সকাল ১০.৩০ থেকে ২টা অবধি, সিরডাপ মিলনায়তন, ঢাকার একটি আলোচনা মাধমে সরকারের, রাজনীতির, দাতা সংস্থা ও আর্ন্তজাতিক এনজিওদের প্রতিনিধিদের সামনে পেশ করা হবে ।

৫. উপরোক্ত সকল কাজের জন্য ১৩০৫৬ ডলার APRN আমাদেরকে দিয়েছে, যা আমাদের পক্ষ থেকে COAST সরকারের অনুমতি নিয়ে, নীতিমালা অনুসরন করে খরচ করছে । উল্লেখ্য যে EquityBD সচিবালয় COAST Trust এ অবস্থিত ।

৬. উপরোক্ত সকল তথ্য, যেমন

- বিজ্ঞাপন
- ওপেন ফোরাম সহায়িকা
- বাজেট
- অংশগ্রহণকারিদের তালিকা
- খসড়া কর্মসূচী ১৪-১৬ জুন
- খসড়া কর্মসূচী ১৭ জুন

উপরোক্ত সকল তথ্য সমুহ www.equitybd.org তে পাওয়া যাবে এবং ডাউনলোড করা যাবে ।

৭. উল্লেখ্য যে, আমাদের ১৪-১৬ জুন এর কর্মশালা ও ১৭ জুনের আলোচনা সভায় মিসেস মারিয়া টেরেসা লরেন, সেক্রেটারী জেনারেল APRN এবং মিঃ অনিল কুমার সিং, নির্বাহী পরিচালক, SANSAD সহায়তাকারী হিসেবে উপস্থিত থাকবে । এছাড়াও দুটি কর্মসূচীতেই বাংলাদেশে এ সম্পর্কিত বিশিষ্ঠ নীতিনির্ধারক ও অভিজ্ঞ ব্যক্তিদের মত বিনিময় করার জন্য আহ্বান করা হবে ।

৮. বাংলাদেশ পরিবেশ আন্দোলন, কোস্টাল ডেভেলপমেন্ট পার্টনারশিপ, ইক্যুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ (ইক্যুইটি বিডি) ও সুশাসনের জন্য প্রচারাভিযানের (সুপ্র) তরফ থেকে ইক্যুইটিবিডি ও নিম্নোক্ত দুজনকে সচিবালয় সমন্বয়ক হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে । যেকোন বিষয়ে তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে ।

রেজাউল করিম চৌধুরী , মোবাইল - ০১৭১১৫২৯৭৯২ , ইমেইল -reza@coastbd.org
মোস্তফা কামাল আকন্দ , মোবাইলু ০১৭১১৪৫৫৫৯১, ইমেইল - kamal@coastbd.org